DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 14 Sep 2026, 02:47 PM

বিনোদন

# হার্দিকের সঙ্গে আমিশার প্রেমের গুঞ্জন, সোশ্যাল মিডিয়ায় ভিডিও ভাইরাল

প্রতিবেদক: বিনোদন ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ০৭ সেপ্টেম্বর ২০২৬, ০৬:১০ PM



ক্রিকেট মাঠের পারফরম্যান্সের চেয়ে ব্যক্তিগত জীবন নিয়েই এখন বেশি আলোচনায় ভারতীয় ক্রিকেটার হার্দিক পান্ডিয়া। নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর্ক ও বিয়ে থেকে শুরু করে বর্তমানে মাহিকা শর্মার সঙ্গে তার সম্পর্ক সবকিছু নিয়েই বিভিন্ন সময় আলোচনা হয়েছে। এবার সেই তালিকায় যুক্ত হলো অভিনেত্রী আমিশা প্যাটেলের নাম। সম্প্রতি হার্দিকের সঙ্গে আমিশাকে একটি পার্টিতে দেখা যাওয়ার পর তাদের সম্পর্ক নিয়ে নতুন করে গুঞ্জন শুরু হয়েছে। এ নিয়ে অবশ্য মুখ খুলেছেন আমিশা।

একটি ভিডিওতে দেখা যায়, একটি হোটেলে পার্টির সময় হার্দিকের কাঁধে হাত রেখে নাচছেন আমিশা। রেডিটে দাবি করা হয়, বেঙ্গালুরুর একটি হোটেলে ওই পার্টির আয়োজন করা হয়েছিল।

ভিডিওটি ছড়িয়ে পড়ার পর নানা ধরনের মন্তব্য শুরু হয়। কেউ কেউ দাবি করেন, হার্দিকের সঙ্গে সম্পর্কে জড়িয়েছেন আমিশা। বিষয়টি আমিশারও নজরে আসে। পরে সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়া ভিডিওটির একটি স্ক্রিনশট নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে শেয়ার করে তিনি লেখেন, আমার হাত যেভাবে ওর কাঁধে ছিল, সেটা তোমার রোমান্টিক লেগেছে। তুমি ঠিকই বলেছ। আমি তোমাকে চিনি না, কিন্তু আমি নিশ্চিত, তোমার কোনো নারী বন্ধু নেই। ভবিষ্যতে এ রকম পোস্ট করার আগে ভেবে নেবে।

এর আগে সার্বিয়ান মডেল নাতাশা স্ট্যানকোভিচের সঙ্গে সম্পর্কে ছিলেন হার্দিক পান্ডিয়া। পরে তারা বিয়ে করেন। তাদের এক সন্তান রয়েছে। তবে সম্পর্কের টানাপোড়েনের কারণে চার বছর পর দুজন বিচ্ছেদের সিদ্ধান্ত নেন। এরপর মাহিকা শর্মার সঙ্গে হার্দিকের সম্পর্কের গুঞ্জন ছড়ায়। তবে হার্দিক ও মাহিকা এখনো বিয়ে করেননি।

---

## এ বিভাগের আরও খবর



**ইতালিতে বাঁধনের ওপর হামলাকারী ৩ ব্যক্তি শনাক্ত**

অভিনেত্রী আজমেরী হক বাঁধনের ওপর হামলা ও হেনস্তার ঘটনায় জড়িত কয়েকজনের পরিচয় পাওয়া গেছে। ভিডিও বিশ্লেষণ করে তাদের মধ্যে শিপল মাহমুদ বিপ্লব, ইল...



**সামান্য মস্করায় ফাঁসলেন নোরা ফাতেহি, খেলেন ৪ কোটি টাকার মামলা**

বিমানে বসে সেটিকে নিয়ে বিদ্রূপাত্মক পোস্ট করায় আইনি ঝামেলায় পড়েছেন বলিউড অভিনেত্রী নোরা ফাতেহি। তার বিরুদ্ধে তিন কোটি রুপির (বাংলাদেশি মুদ্র...



**নিজেদের বঙ্গবন্ধুর সৈনিক পরিচয় দিয়ে অভিনেত্রী বাঁধনের ওপর হামলা**

ইতালিতে লাঞ্ছনার শিকার হয়েছেন জনপ্রিয় অভিনেত্রী আজমেরী হক বাঁধন। ভেনিস আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবে যোগ দিতে গিয়ে দেশটির  মেস্ত্রে শহরে...



**স্বস্তিকার আন্তরিকতায় মুগ্ধ ঐন্দ্রিলা, জানালেন অনুভূতি**

জনপ্রিয় রিয়্যালিটি শো দিদি নম্বর ১-এর নতুন মৌসুমে উপস্থাপনার দায়িত্ব নিয়েছেন অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। সঞ্চালক হিসেবে তার উপস্থিতি দর্...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/entertainment/hardiker-sngge-amishar-premer-gunjn-soshjal-midiyay-bhidio-bhairal